গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এর কার্যালয়
মানিকগঞ্জ।
manikganj.judiciary.org.bd

## অফিস আদেশ

অফিস আদেশ নং-১৯(জি),

তারিখ ঃ ১৮ মাঘ ১৪২৫ বঙ্গাব্দ। / ৩১ জানুয়ারী ২০১৯ খ্রিঃ।

মানিকগঞ্জ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেসিতে কর্মরত জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম (বেঞ্চ সহকারী) পবিত্র উমরা হজ্জ আদায়ের নিমিত্তে সৌদি আরব গমনের জন্য অর্জিত (বহিঃবাংলাদেশ ছুটি) ছুটিসহ কর্মস্থল ত্যাগ ও ছুটিকালীন সময়ে কর্মস্থলের বাহিরে অবস্থানের অনুমতির প্রার্থনা করিয়াছেন। মাননীয় জেলা ও দায়রা জজ, মানিকগঞ্জ এর কার্যালয়ের বিগত ২৭/০৯/২০১৮ খ্রিঃ তারিখের ৭৬(জি) নং অফিস আদেশ মূলে তাহাকে পবিত্র উমরা হজ্জ আদায়ের নিমিত্তে সৌদি আরব গমনের অনুমতি প্রদান করিয়াছেন। হিসাব রক্ষকের প্রতিবেদন দৃষ্টে দেখা যায়, তাহার প্রার্থীত অর্জিত ছুটি পাওনা আছে। এমতাবস্থায়, অত্র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেসিতে কর্মরত জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম (বেঞ্চ সহকারী) তাহার নামের পাশে ০৩ নং কলামে উল্লিখিত সময়ের পূর্ণগড় বেতনে অর্জিত ছুটি মঞ্জুরসহ কর্মস্থল ত্যাগ ও ছুটিকালীন সময়ে কর্মস্থলের বাহিরে অবস্থানের অনুমতি প্রদান করা হইল। তাহার ছুটিকালীন সময়ে উক্ত আদালতের স্টেনোটাইপিস্ট-কাম কম্পিউটার অপারেটর জনাব রাবেয়া বছরী দায়িত্বে থাকিবেন।

| ক্রমিক নং | কর্মচারীর নাম ও পদবী | অর্জিত ছুটির সময়কাল |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১ | জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম<br>বেঞ্চ সহকারী, আদালত নং ০৯<br>জুডিসিয়াল ম্যাজিস্ট্রেসি, মানিকগঞ্জ। | ০৬/০২/২০১৯ খ্রিঃ হইতে ০৭/০৩/২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত ০১(এক) মাসের। |

ইহা তাহার চাকুরীর খতিয়ান বহিতে নোট প্রদান করা হউক।
জনস্বার্থে এই আদেশ জারী করা হইল।
সংশ্লিষ্ট সকলকে জ্ঞাত করানো হউক।

স্বা/-
(আবু জাফর মোঃ কামরুজ্জামান)
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
মানিকগঞ্জ।

স্মারক নং-সিজেএম/মানিক/জেএম-৯৯(৪)/১৯,

তারিখ ঃ ১৮ মাঘ ১৪২৫ বঙ্গাব্দ। / ৩১ জানুয়ারী ২০১৯ খ্রিঃ।

আদেশের অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল ঃ

০১। আদালত নং-০৯, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেসী, মানিকগঞ্জ।
০২। ভারপ্রাপ্ত বিচারক, হিসাব বিভাগ, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেসী, মানিকগঞ্জ।
০৩। জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম, বেঞ্চ সহকারী, আদালত নং ০৯, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেসী মানিকগঞ্জ।
০৪। অফিস কপি।

(আবু জাফর মোঃ কামরুজ্জামান)
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
মানিকগঞ্জ।